
# শক্তি চট্টোপাধ্যায়



**জন্ম : ২৫শে নভেম্বর ১৯৩৩**

**মৃত্যু : ২৩শে মার্চ ১৯৯৫**

**ছদ্মনাম : স্ফুলিঙ্গ সমাদ্দার, রূপচাঁদ পক্ষী**

পুরস্কার : আনন্দ পুরস্কার ,রবীন্দ্র পুরস্কার, সাহিত্য আকাদেমি

উল্লেখযোগ্য সাহিত্য : ‘ হে প্রেম, হে নৈঃশব্দ’ (প্রথম কাব্যগ্রন্থ)
‘ ধর্মে আছি জিরাফেও আছি’ (কাব্যগ্রন্থ)

‘ কুয়োতলা’ (উপন্যাস)
‘ অবনী বাড়ি আছো?’ (উপন্যাস)

# তিনপাহাড়ের কোলে

## শক্তি চট্টোপাধ্যায়

মূলগ্রন্থ : এটি একটি অগ্রন্থিত কবিতা



শান্তিনিকেতনে অবস্থিত এই বটবৃক্ষটির নামও তিনপাহাড়

# তিনপাহাড় কোথায়?

- আমাদের প্রতিবেশী রাজ্য ঝাড়খণ্ডের সাহেবগঞ্জ জেলায় অবস্থিত এই তিনপাহাড়।
- অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর তিনপাহাড়।
- তিনটি ছোটো পাহাড়ে ঘেরা একটি উপত্যকা।
- নিকটেই মতি ঝর্ণা নামক একটি ঝর্ণা আছে।
- নিকটেই রাজমহল পাহাড় ও গঙ্গা নদী প্রবহমান।




তিনপাহাড়ের উপর থেকে তোলা ছবি

# কবিতা থেকে কিছু গুরুত্বপূর্ণ অর্থ

- হাওয়াবিলাসী : ভ্রমণপিপাসু, বেড়াতে ভালোবাসেন এমন ব্যক্তি।
- কবি তাঁর দুই বন্ধু সহযোগে তিনপাহাড়ে ভ্রমণের উদ্দেশ্যে গিয়েছিলেন।
- কাঁদড় : কন্দর > কাঁদড় = পাহাড়ি গুহা।
- টিলা : অনুচ্চ পাহাড়, মাটির ঢিবি।
- গ্রাম > গাঁ

# কিছু গুরুত্বপূর্ণ ব্যাখ্যা

## মনোভূমির দ’   য়

দ’   য় শব্দটি এসেছে ‘   দহ’    থেকে। যার অর্থ জলাশয়। আর মনোভূমি কথাটির অর্থ কল্পনাভূমি বা হৃদয়। মানব হৃদয় যখন ভাবসলিলে পরিপূর্ণ হয় তখন কল্পনেত্রে সে অতীন্দ্রিয় সৌন্দর্যকে প্রত্যক্ষ করতে পারে। মানুষের চর্মচক্ষুতে দেখা চেনা সৌন্দর্যের বাইরের কাল্পনিক সৌন্দর্যই মনোভূমির দ’   য়।